# বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৪৪৩

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১১. মুসাফির ও পীড়িত ব্যক্তির সালাত - অসুস্থ ব্যক্তির সালাত আদায়ের বিধান

আরবী

وَعَنْ جَابِرٍ قَالَ: عَادَ النَّبِيُّ ـ صلى الله عليه وسلم ـ مَرِيضًا, فَرَآهُ يُصَلِّي عَلَى وِسَادَةٍ, فَرَمَى بِهَا, وَقَالَ: «صَلِّ عَلَى الْأَرْضِ إِنِ اسْتَطَعْتَ, وَإِلَّا فَأَوْمِ إِيمَاءً, وَاجْعَلْ سُجُودَكَ أَخْفَضَ مِنْ رُكُوعِكَ». رَوَاهُ الْبَيْهَقِيُّ. وَصَحَّحَ أَبُو حَاتِمٍ وَقْفَهُ

صحيح مرفوعا. رواه البيهقي في «المعرفة» (4359)

বাংলা

৪৪৩. জাবির (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কোন এক রুগ্ন ব্যক্তির খবরাখবর নিতে যান। ইত্যবসরে বালিশের উপর তাকে সালাতের সিজদা করতে দেখে তা টেনে ফেলে দিয়ে বললেন, মাটির উপর সিজদা করতে সক্ষম হলে মাটির উপর সিজদা করে সালাত আদায় করবে। নতুবা এমনভাবে ইশারা করে সালাত আদায় করবে, তাতে রুকুর ইশারা হতে সিজদার ইশারায় মাথা অপেক্ষাকৃত বেশি নীচু করবে। —বাইহাকী, আবূ হাতিম। এটির মাওকুফ হওয়াকেই সঠিক বলেছেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=70254

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন